

আনিসুল হকের স্বপ্নের ঢাকা বিনির্মাণে হাল ধরবেন কে?

মনিরুজ্জামান উজ্জ্বল, বিশেষ সংবাদদাতা
প্রকাশিত: ০৪:৫৮ এপ্রম, ০৩ ডিসেম্বর ২০১৭



ফাইল ছবি

দীর্ঘদিন চিকিৎসাধীন থাকা ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হকের মৃত্যুতে শূন্যতা দেখা দিয়েছে রাজধানীর উত্তর পাড়ায়। তার এ শূন্যতা পূরণে কে হচ্ছে ডিএনসিসি নতুন মেয়র? সরকারের শীর্ষ নীতিনির্ধারক জ্যেষ্ঠ একাধিক মন্ত্রী, সাংসদ, রাজনীতিবিদ থেকে সাধারণ নগরবাসীর মুখে এখন এমন প্রশ্ন ঘুরেছে।

২০১৫ সালের জুনে ডিএনসিসি'র মেয়র নির্বাচিত হন আনিসুল হক। মাত্র দুই বছর সময়ে ডিএনসিসিকে তথা ঢাকা শহরকে তিলোত্তমা নগরী হিসেবে গড়ে তুলতে শুধু স্বপ্নই দেখাননি, স্বল্প সময়ে কিছু স্বপ্নের বাস্তবায়ন করে নগরবাসীর মনে নিজেকে নিয়ে গিয়েছিলেন ভিন্নমাত্রার উচ্চতায়।

ক্ষমতাসীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদসহ সরকারের একাধিক মন্ত্রী ও সাংসদ গতকাল (শনিবার) বনানীর বাসভবনে গিয়েছিলেন আনিসুল হকের মরদেহ দেখতে। সেখানে তারা বলেন, মেয়র আনিসুল হকের মৃত্যুতে জাতির বিরাট ক্ষতি হয়ে গেল; তার এ শূন্যস্থান পূরণ হওয়ার নয়। স্বল্পতম সময়ে তিনি ঢাকা উত্তরের রাস্তাঘাটসহ বিভিন্ন উন্নয়ন কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করেছেন। ‘গ্রিন সিটি-ক্লিন সিটি’ শ্লোগান বাস্তবায়ন সম্ভব তা প্রমাণও করেছিলেন। ফলে আনিসুল হকের বিকল্প হিসেবে এখন কে আসবেন সেটাই সবার প্রশ্ন। শিক্ষাবিদ অধ্যাপক জাফর ইকবাল বলেন, ‘আমরা ধীরে ধীরে লক্ষ্য করছিলাম ঢাকা শহর বদলে যাচ্ছে। এ পরিবর্তনের ধারা অব্যাহত রাখতে বিকল্প হিসেবে যোগ্য লোককে মেয়র পদে আসতে দিতে হবে।’

একই সুরে সুর মিলিয়েছেন নগরীর বিভিন্ন শ্রেণি পেশার মানুষ।

আনিসুল হকের বিকল্প হিসেবে অনেকেই তার স্ত্রী বা ছেলে আসলে ভাল হবে বলছেন। আনিসুল হকের ছেলেও অনেকটা সেই ইঙ্গিতই দিয়ে রেখেছেন শনিবার। তিনি বলেন, পদে থেকে বা না থেকে তিনি এবং তার পরিবার ঢাকাবাসীর সঙ্গে রয়েছেন। এ ছাড়া ক্ষমতাসীন আওয়ামী লীগের ঢাকা উত্তরের বেশ কয়েকজন রাজনীতিবিদও নিজেকে পরবর্তী মেয়র হিসেবে দেখতে চাচ্ছেন। তবে সবকিছু চূড়ান্ত হবে পরবর্তী নির্বাচনে কে মনোনয়ন পান এবং ডিএনসিসির ভোটাররা পরবর্তী মেয়র হিসেবে কাকে বেছে নেন।

উল্লেখ্য, লন্ডনে পারিবারিক সফরে গিয়ে অনিসুল হক অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হলে গত ৬ সেপ্টেম্বর প্যানেল মেয়র হিসেবে নিয়োগ পান ডিএনসিসির ২১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর ওসমান গনি।

এমইউ/আরএস/এমএমজেড/এমএস